



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

ফোন: ৫৫০৩০০৫৪, ৫৫০৩০০৬৩, ৫৫০৩০০৬৬, ৫৫০৩০১১৩; হটলাইন: ১৬১১৯

Fax: 9131581, E-mail: bsti@bangla.net, Website: http://www.bsti.gov.bd



মুজিববর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন।



স্মারক নং- ৩৬.০৫.০০০০.৩০২.৫১.১৩০.২৩.৩১৫৭/২৭৪

তারিখ: ০১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৪ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: আমদানিকৃত স্যানিটারি ওয়্যার অ্যাপ্লায়েন্সেস (বেসিন) পণ্যের নমুনা আইসিডি কমলাপুর ইয়ার্ডে সংশ্লিষ্ট কন্টেইনার হতে পুনরায় সংগ্রহপূর্বক বাংলাদেশ মান অনুযায়ী পুনঃপরীক্ষণ প্রসঙ্গে।

১। উপর্যুক্ত বিষয়ে ও আপনার গত ২৮-১২-২০২৩ খ্রিঃ তারিখের পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠান কর্তৃক বিল অব এন্ট্রি নং-সি-৩১৩৮২, তারিখ: ২৯-১১-২০২৩ খ্রিঃ, এলসি নং-০৮৮২২৩০১১১২৭, তারিখ: ৩০-১০-২০২৩ খ্রিঃ এর মাধ্যমে চীন হতে আমদানিকৃত স্যানিটারি ওয়্যার অ্যাপ্লায়েন্সেস (Basin) পণ্যের অনুকূলে বিধি মোতাবেক বিএসটিআই'র ছাড়পত্র গ্রহণের জন্য গত ০৩-১২-২০২৩ খ্রিঃ তারিখে আপনি আবেদন করেন।


২। এ প্রেক্ষিতে গত ০৩-১২-২০২৩ খ্রিঃ তারিখে আপনার উপযুক্ত প্রতিনিধি, কাস্টমস প্রতিনিধি ও বিএসটিআই'র একজন উপযুক্ত প্রতিনিধির উপস্থিতিতে ও যৌথ স্বাক্ষরে আইসিডি কমলাপুর, ঢাকা হতে উক্ত পণ্যের নমুনা সিল করা হয়। সিলকৃত উক্ত নমুনা বিএসটিআই'র ল্যাবরেটরিতে সংশ্লিষ্ট বাংলাদেশ মান (বিডিএস ১১৬২: ২০১৪) অনুযায়ী পরীক্ষণে 'Resistance to staining and burning' প্যারামিটারে অকৃতকার্য হওয়ায় স্মারক নং ৩৬.০৫.০০০০.৩০২.৫১.১৩০.২৩.৩১৫৭, তারিখ: ১৭-১২-২০২৩ খ্রিঃ অনুযায়ী ছাড়পত্র প্রদান প্রত্যাখ্যান করা হয়।

৩। গত ২৮-১২-২০২৩ খ্রিঃ তারিখে আপনি পুনরায় নমুনা সংগ্রহপূর্বক পরীক্ষা করার জন্য আবেদন করেন। এ প্রেক্ষিতে আপনার আবেদন বিবেচনাক্রমে বিএসটিআই'র দুইজন কর্মকর্তার সমন্বয়ে গঠিত নিম্নবর্ণিত কমিটির মাধ্যমে বর্ণিত কনসাইনমেন্ট অনুযায়ী আমদানিকৃত স্যানিটারি ওয়্যার অ্যাপ্লায়েন্সেস (বেসিন) পণ্যের নমুনা আইসিডি কমলাপুর ইয়ার্ডে সংশ্লিষ্ট কন্টেইনার হতে পুনরায় সিল করে সংশ্লিষ্ট বাংলাদেশ মান (বিডিএস ১১৬২:২০১৪) অনুযায়ী পুনঃপরীক্ষার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

১। জনাব রিগান বৈদ্য- সহকারী পরিচালক (সিএম)

২। জনাব মোঃ ফরহাদুর রহমান রিপন- ফিল্ড অফিসার (সিএম)

এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে আইসিডি কমলাপুর ইয়ার্ডে সংশ্লিষ্ট কন্টেইনার হতে পুনরায় নমুনা প্রদানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ রিয়াজুল হক)
উপ-পরিচালক (সিএম)

প্রতি,
The Proprietor
Zubaer Trade International
26/B, Siddique Bazar
Bangshal, Dhaka-1100.

বিতরণঃ ১। জনাব রিগান বৈদ্য- সহকারী পরিচালক (সিএম)

২। জনাব মোঃ ফরহাদুর রহমান রিপন- ফিল্ড অফিসার (সিএম)

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, আইসিডি কমলাপুর, ঢাকা

২। পিএ টু মহাপরিচালক(গ্রেড-১), বিএসটিআই, ঢাকা [মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অবগতির জন্য]